

জেএসসি-জেডিসি পাবলিক পরীক্ষা নয় : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •
দেশে যষ্ঠবারের মতো অনুষ্ঠিতব্য
জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি)
ও জুনিয়র-দাখিল সার্টিফিকেট
(জেডিসি) পরীক্ষা 'পাবলিক পরীক্ষা'
নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল
ইসলাম নাহিদ। তিনি বলেন, এই
পরীক্ষাকে 'জাতীয় পরীক্ষা' বলা যেতে
পারে। অনেকেই এটাকে 'পাবলিক
পরীক্ষা' বলে থাকেন।

আগামী ১ নভেম্বর থেকে
অনুষ্ঠিতব্য এ বছরের জেএসসি-
জেডিসি পরীক্ষার বিষয়ে গতকাল
শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে
মন্ত্রী এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী জানান, এ বছর
পরীক্ষায় অংশ নেবে ২৩ লাখ ২৫
হাজার ৯৩৩ জন পরীক্ষার্থী। তিনি
বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষার
মাধ্যমে পরীক্ষার্থীরা লেখাপড়ায় আরও
উদ্যমী ও আত্মবিশ্বাসী হবে।

প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গে নাহিদ
জানান, এখন প্রশ্নপত্র ফাঁস হয়ে
যাওয়া খুবই কঠিন হবে। মূল
জায়গাগুলোকে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৫

জেএসসি-জেডিসি পাবলিক পরীক্ষা

(৩ এর পৃষ্ঠার পর) মজবুত করার চেষ্টা করেছে। বিজি প্রেস থেকে কেউ প্রশ্ন নিয়ে
আসা তো দূরে থাক, প্রশ্ন মুখস্থ করেও আসতে পারবে না। কোচিং সেন্টারগুলো
প্রশ্ন ফাঁস করতে থাকিয়ে থাকে। আরেকটা কাজ তারা করে তা হলো সাজেশন
দেয়, এগুলো বেআইনি। প্রশ্ন ফাঁস নিয়ে যে আইন রয়েছে তার বাস্তব প্রয়োগ
কখনো হয়নি। বর্তমানে আইনটি আরও কড়াকড়িভাবে প্রয়োগের চেষ্টা করছি।
প্রয়োজন হলে প্রশ্ন ফাঁস আইন সংশোধন করে আরও কার্যকর করব।

সংবাদ সম্মেলনে জানানো হয়, অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষায় অংশ নেবে
সোয়া ২৩ লাখ শিক্ষার্থী। পরীক্ষা চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। এবারও বাংলা দ্বিতীয়
পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া অন্য বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্নে
হবে। এবারের ২৩ লাখ ২৫ হাজার ৯৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১২ লাখ ৪৩
হাজার ২৬৩ জন ছাত্রী; আর ছাত্র ১০ লাখ ৮২ হাজার ৬৭০ জন। এই হিসাবে
ছাত্রদের চেয়ে ১ লাখ ৬০ হাজার ৫৯৩ জন বেশি ছাত্রী পরীক্ষা দেবে এবার।
এই শিক্ষার্থীদের মধ্যে জেএসসি পরীক্ষা দেবে ১৯ লাখ ৬৭ হাজার ৪৪৭ জন।
আর জেডিসিতে শিক্ষার্থীর সংখ্যা তিন লাখ ৫৮ হাজার ৪৮৬ জন।

২০১৪ সালে এ পরীক্ষায় ২০ লাখ ৯০ হাজার ৬৯২ জন অংশ নিয়েছিল।
সেই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে দুই লাখ ৩৫ হাজার ২৪১ জন। এবার ২
হাজার ৬২৭টি কেন্দ্রে ২৮ হাজার ৬৩২টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পরীক্ষা
দেবে। বিদেশের আটটি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৫৮৫ জন।